

স্মারক নং- রাসক/

তারিখ: ১২/১২/২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তি সম্পর্কিত বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত হয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions থেকে ভর্তি ফরম ডাউনলোড করে এর College Copy সংশ্লিষ্ট বিভাগে জমা এবং Student's Copy নিজের কাছে সংরক্ষণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

এছাড়া তাদেরকে সোনালী ব্যাংকের ই-সেবা এর <https://sbl.com.bd:7070/CollegeFee/Payment> লিংকে লগইন করে নির্ধারিত ফি অনলাইনে আগামী ১২/১২/২০২১ থেকে ২২/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। ভর্তি ফি'র পরিমাণ নিম্নরূপ:


বিভাগ	ভর্তি ফি এর পরিমাণ
বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)	৪,৭২১/-
বিএসসি (অনার্স)	৫,৪৪১/-
বিএসসি (অনার্স)- গণিত বিভাগের শিক্ষার্থীদের জন্য	৫,৫৯১/-

আগামী ১২/১২/২০২১ খ্রি. এবং ২২/১২/২০২১ খ্রি. তারিখসমূহে প্রতিদিন (শুক্রবার ব্যতীত) সকাল ১০:০০ টা থেকে বেলা ১:০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট বিভাগে নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে।

যেসব প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে-

- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র;
- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল প্রশংসাপত্র;
- এসএসসি এবং এইচএসসি পরীক্ষার নম্বরপত্র, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ২ সেট;
- পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি- ২ কপি;
- ডাউনলোডকৃত ভর্তির আবেদন ফরমের College Copy- ২ সেট;
- অনলাইনে ভর্তি ফি পরিশোধের ডাউনলোডকৃত Pay Slip- এর কপি;
- ১০" X ১৪" সাইজের খাম- ১টি (নাম, রোল নং, বিষয়, ব্লাড গ্রুপ, মোবাইল নম্বরসহ স্থায়ী ঠিকানা লিখতে হবে);
- প্রয়োজ্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং ১কপি ফটোকপি জমা দিতে হবে।

কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষভাবে নির্দেশ দেয়া গেল।



আহ্বায়ক

অনার্স ১ম বর্ষ ভর্তি/২০২০-২১ কমিটি
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

- আহ্বায়ক, ২০২০-২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- হিসাব শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- সংরক্ষণ নথি।